

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৪৭.১৮- ১৭২

তারিখ : ১১/০৯/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী এর সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণীর শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।


সূত্রঃ স্বাঃ অধিঃ/প্রশা-২/মেডিঃ কলেজ/ইনস্টিটিউট/ছাড়পত্র-১০/২০১৮/২৯৫৩ তারিখঃ ০৩/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৫৬(২৫০) সংখ্যক পরিপত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯/০৩/২০০৯ তারিখের স্বাপকম/প্রশা-১/এডি/পদ(কমিটি)-৪/২০০৫/৩৫২ সংখ্যক স্মারকের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণের শর্তে ও নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী এর ৩য় শ্রেণীর নিম্নবর্ণিত সরাসরি নিয়োগযোগ্য ০৮ (আট) টি শূন্য পদে (বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে) জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল এবং বর্ণিত নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগযোগ্য প্রস্তাবিত শূন্য পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ/ছাড়পত্র না দেয়ার কারণ
০১	স্টোর কিপার	০১	০১	
০২	ক্যাশিয়র	০১	০১	
০৩	ক্যাশ সরকার	০১	০১	
০৪	ল্যাবরেটরী এটেনডেন্ট	০৬	০৫	
		সর্বমোট ০৯ (নয়) টি পদ	সর্বমোট ০০৮ (আট) টি পদ	

সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদ পূরণের শর্তাবলী:

- সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধিমালা ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- কেবল মৃত্যুজনিত ও অবসর জনিত কারণে অর্থাৎ বিধি সম্মতভাবে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করা যাবে। আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন শূন্য পদে সরাসরি নিয়োগ প্রদান করা যাবে না;
- কেবল সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে নিয়োগ প্রদান করা যাবে;
- রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্ট কোন শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের হালনাগাদ সংরক্ষণ আদেশ থাকতে হবে;
- সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদ সংশ্লিষ্ট সংস্থার অর্গানোগ্রাম ভুক্ত হতে হবে;
- পদ সৃষ্টির জিওতে বর্ণিত পদের বেতন গ্রেডের সঙ্গে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ এর তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট বেতন গ্রেড সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রস্তাবকারী কর্তৃপক্ষ/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- বর্তমানে ছাড়কৃত ০৮ (আট) টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ জিওতে অন্তর্ভুক্ত থাকে, এবং উক্ত পদের নিয়োগ কার্যক্রম চলমান থাকে ও উক্ত পদের বিরুদ্ধে কোন মামলা চলমান থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।



(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোন-৯৫৪৯১৯২

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।